দৈনিক ইনকিলাব

তারিখ ... MAY 1 9 1999 ...
পৃষ্ঠা ১১ ... কলাম ... ৬ ...

239

# দুর্নীতির অভিযোগে প্রধান শিক্ষিকা বরখাস্ত

নেত্রকোনা সংবাদদাতা ॥ নেত্রকোনা জাহানারা স্মৃতি বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা কুলসুম আক্তারকে নানা অনিয়মের অভিযোগে সাময়িকভাবে বরখাস্ত করা হইয়াছে এবং যথাসময়ে সহকারী প্রধান শিক্ষকের নিকট দায়িত্বভার বুঝাইয়া না দেওয়ার অভিযোগে জেলা প্রশাসনের দুইজন ম্যাজিস্ট্রেট ইনভেন্টরির মাধ্যমে সহকারী প্রধান শিক্ষকের নিকট চার্জ বুঝাইয়া দেয়।

জানা গিয়াছে, ১৯৯৬ সনে বিদ্যালয় পরিচালনা পরিষদের নির্বাচিত কমিটি প্রধান-শিক্ষিকার বিরুদ্ধে নানান অনিয়মের অভিযোগ আনিয়া অভিযোগ দায়ের করিলে দুর্নীতি দমন ব্যুরো তাহা তদন্ত করে এবং প্রাথমিকভাবে তদন্তে অনিয়ম এবং অর্থ আত্মসাতের ঘটনা প্রমাণিত হয়। পরে অতিরিক্ত জেলা প্রশাসক ও বিদ্যালয় পরিচালনা কমিটির গত ৫ই মে অনুষ্ঠিত সভায় উক্ত প্রধান শিক্ষিকাকে বরখাস্ত করা হয় এবং অবিলম্বে সকল দায়দায়িত্ব সহকারী প্রধান শিক্ষকের নিকট বুঝাইয়া দেওয়ারও নির্দেশ প্রদান করা হয়।

এদিকে প্রধান শিক্ষিকার সঙ্গে যোগাযোগ করা হইলে তিনি জানান যে, তাহাকে অবৈধভাবে বরখাস্ত করা হইয়াছে এবং এইজন্য তিনি ইতিমধ্যে আইনের আশ্রয় নিয়াছেন।